গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৯.০০৫.৯২.৭৪০

তারিখ: ২১/২২/১৪৩০ বঙ্গাব্দ। ০৪/০৪/২০২৪ খ্রিষ্টাব্দ।

বিষয়: **পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে সাধারণ নির্দেশিকা।**

প্রতি বছরের ন্যায় এ বছরও পবিত্র ঈদ-উল-ফিতর ১১ এপ্রিল ২০২৪ খ্রি:, তারিখ বৃহস্পতিবার (চাঁদ দেখার উপর নির্ভরশীল) যথাযোগ্য মর্যাদা, উৎসাহ-উদ্দীপনা ও ধর্মীয় ভাব-গাম্ভীর্যের সাথে উদ্‌যাপন করা হবে। ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত), বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, উপমহাপরিচালক (রেঞ্জ), পরিচালক, কুমিল্লা (রেঞ্জ), অধিনায়ক, আনসার ব্যাটালিয়ন, জেলা কমান্ড্যান্ট, জোন অধিনায়ক ও অধিনায়ক, ভিটিসি নিজ নিজ ইউনিটের ঈদ-উল-ফিতর উদ্‌যাপন উপলক্ষ্যে সকল কর্মসূচি প্রতিপালন নিশ্চিত করবেন। **বিস্তারিত কর্মসূচি নিম্নরূপ:**

২। **সরকারি ভবনসমূহে আলোকসজ্জা ও সাজসজ্জার ব্যবস্থাকরণ।** পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন ও ভিটিসি কার্যালয়/গুরুত্বপূর্ণ ভবন/ফটকসমূহে সাজসজ্জা এবং ঈদের পূর্ব রাত্রি হতে ঈদের পরদিন রাত ১২.০০ টা পর্যন্ত মোট ৩০ ঘন্টা আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে।

৩। **পবিত্র ঈদ-উল-ফিতর এর অনুষ্ঠানসূচি।**

ক। **শুধুমাত্র সদর দপ্তরের জন্য।**

| ক্রঃ নং | বিষয় | সময়সূচি | স্থান | পোশাক | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | **ঈদ-উল- ফিতর এর নামাজ:**<br>ক। প্রথম জামাত<br>খ। দ্বিতীয় জামাত | **ঈদের দিন**<br>সকাল ০৭৩০ ঘটিকা<br>সকাল ০৮৩০ ঘটিকা | জামে মসজিদ, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও ঢাকা। | প্রেয়ার ড্রেস | মহাপরিচালক মহোদয়ের প্রথম জামাতে অংশগ্রহণ এবং উপস্থিত সকলের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করবেন। |
| ২. | মহাপরিচালক মহোদয়ের ঈদ শুভেচ্ছা বিনিময়। | **ঈদের পরের দিন**<br>১৯৩০ ঘটিকা<br>হতে<br>২১৩০ ঘটিকা | কুর্মিটোলা গলফ্ ক্লাব, ঢাকা | ঐচ্ছিক পোশাক | বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ঢাকায় অবস্থানরত কর্মরত ও আমন্ত্রিত অবসরপ্রাপ্ত ১ম শ্রেণির কর্মকর্তা (সপরিবার)। |

খ। **উপপরিচালক (প্রশাসন-উইং) এর জন্য:** সদর দপ্তরের পরিষ্কার-পরিচ্ছন্নতা, সুষ্ঠুভাবে ঈদের জামাত অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মহাপরিচালক মহোদয়ের পরিদর্শনের সার্বিক ব্যবস্থাপনা নিশ্চিত করবেন।

৪। **বিশেষ মোনাজাত**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়ের মসজিদসমূহে ঈদের নামাজের পর জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি, বাংলাদেশের স্বাধীনতার জন্য আত্মত্যাগকারী শহিদদের আত্মার শান্তি এবং বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উত্তরোত্তর অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাতের ব্যবস্থা করতে হবে। ইউনিটে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারী এ মোনাজাতে অংশগ্রহণ করবেন।

৫। **প্রীতিভোজ**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন (মোতায়েনকৃত বেইজ ক্যাম্পসহ), জেলা, জোন, ভিটিসি/টিটিসি কার্যালয়ে প্রচলিত নিয়মানুযায়ী উপস্থিত জনবলের জন্য প্রীতিভোজের আয়োজন করতে হবে। ইউনিটে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারী উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

ক। **সময়** : ১২৩০ ঘটিকা।

খ। **পোশাক**: প্রেয়ার ড্রেস/ঐচ্ছিক পোশাক।

৬। **আনসার ও ভিডিপি হাসপাতালে উন্নতমানের খাবার পরিবেশন**। আনসার ও ভিডিপি হাসপাতালে রোগীদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে। তত্ত্বাবধায়ক, আনসার ও ভিডিপি হাসপাতাল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৭। **কর্মস্থলে উপস্থিতি**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, প্রশাসন শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০২১.০৭.১৪০৯, তারিখ: ১২/০৮/২০১২ খ্রিঃ মূলে জারিকৃত স্থায়ী আদেশ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

৮। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই সাধারণ নির্দেশিকা জারি করা হলো।

Jahanara Akter
৪-৪-২৪
জাহানারা আক্তার, বিএএমএস (বার)
বিএডি-১২০০৭৯
পরিচালক (প্রশাসন)
দূরালাপনী: ৪৭২১৪৯২৫
ই-মেইল: dir_admin@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৯.০০৫.৯২.৭৪০

তারিখ: ২২/১২/১৪৩০ বঙ্গাব্দ।
০৪/০৮/২০২৪ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।)**

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ২। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ৩। | ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত)<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ৪। | উপমহাপরিচালক (রেঞ্জ) (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ............রেঞ্জ............ | " |
| ৫। | পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুমিল্লা রেঞ্জ। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৬। | পরিচালক (সকল)..............................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ৭। | অধিনায়ক (সকল)<br>......আনসার ব্যাটালিয়ন,.......................................................... | " |
| ৮। | পরিচালক, মহানগর আনসার, ঢাকা/চট্টগ্রাম। | " |
| ৯। | অধিনায়ক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা। | " |
| ১০। | অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | " |
| ১১। | নির্বাহী প্রকৌশলী, উপপরিচালক (চিকিৎসা) ও আইন বিষয়ক উপদেষ্টা।<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১২। | তত্ত্বাবধায়ক, আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুর। | " |
| ১৩। | উপপরিচালক (প্রশাসন-উইং)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদর দপ্তরের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন। |
| ১৪। | উপপরিচালক (সকল)...প্রশাসন......................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৫। | উপপরিচালক (সমন্বয়)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানের প্রয়োজনীয় সমন্বয় সাধনের জন্য। |
| ১৬। | জেলা কমান্ড্যান্ট (সকল)........................................................ | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৭। | জোন অধিনায়ক (সকল), ঢাকা ও চট্টগ্রাম মহানগর আনসার............... | " |
| ১৮। | অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ভিটিসি, গাজীপুর। | |
| ১৯। | রিটায়ার্ড আনসার অফিসার্স এ্যাসোসিয়েশন (রাভওয়া)। | " |
| ২০। | সহকারী পরিচালক (সকল)................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ২১। | গণসংযোগ কর্মকর্তা/মেডিকেল অফিসার/বাজেট কর্মকর্তা (আনসার ও ভিডিপি) ও সম্পাদক কাম প্রশাসক (প্রতিরোধ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ২২। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | বিষয়টি বাহিনীর ওয়েবসাইটে প্রচারের জন্য। |
| ২৩। | বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা (আনসার ও ভিডিপি)/আরপি অফিসার<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ২৪। | কন্ট্রোল রুম<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য। |
| ২৫। | অফিস/মাস্টার কপি। | |

Jahanara Akter
4-8-24
পরিচালক (প্রশাসন)